



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়  
BANGLADESH OPEN UNIVERSITY  
তথ্য ও গণসংযোগ বিভাগ  
গাজীপুর-১৭০৫, ফোন : ৯২৯১১১৯

“শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ”



## প্রেস বিজ্ঞপ্তি

২৮ ফেব্রুয়ারি, ২০২২



## বাউবিতে বিএমএড প্রোগ্রামের মডিউল চূড়ান্তকরণ কর্মশালা অনুষ্ঠিত

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের স্কুল অব এডুকেশন কর্তৃক প্রস্তাবিত ব্যাচেলর অব মাদ্রাসা এডুকেশন (বিএমএড) প্রোগ্রামের মডিউল চূড়ান্তকরণ শীর্ষক দিনব্যাপি কর্মশালা আজ ২৮ ফেব্রুয়ারি ২০২২ সোমবার স্কুল অব এডুকেশন এর সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। কর্মশালায় সভাপতিত্ব করেন স্কুল অব এডুকেশনের ডিন অধ্যাপক সুফিয়া বেগম।

কর্মশালায় স্কুল অব এডুকেশনের অধ্যাপক মো: আনোয়ারুল ইসলাম, অধ্যাপক ড. সোয়াইব আহমেদ, অধ্যাপক ড মো: মোহসীন উদ্দিন ও অধ্যাপক ড. লাভলি আক্তার ডলি মডিউল চূড়ান্তকরণের অগ্রগতি, পর্যালোচনা ও দিকনির্দেশনামূলক বক্তব্য রাখেন।

কর্মশালায় আল-কুরআন ও তাজবিদ শিক্ষণ, আল হাদিস শিক্ষণ, আরবি শিক্ষণ ও আকাইদ ও ফিক্হ শিক্ষণ চারটি বিষয়ের উপর মডিউল চূড়ান্তকরণের বিষয়ে দলীয় কাজ সম্পন্ন করেন। দিনব্যাপি এ কর্মশালায় বাউবির স্কুল অব এডুকেশন, বিএমটিটিআই, টিটিসি, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, জাতীয় বিশ্ববিদ্যালয়, টঙ্গি সরকারি, কলেজ ও সরকারি বাঙলা কলেজসহ বিভিন্ন প্রতিষ্ঠানের ৪১ জন শিক্ষক অংশ নেয়। কর্মশালাটি সঞ্চালনা করেন স্কুল অব এডুকেশনের সহযোগী অধ্যাপক আমিরুল ইসলাম।

(ড. মেজবাহ উদ্দিন তুহিন)

পরিচালক (ভারপ্রাপ্ত)

মোবাইল ০১৭১২৫৯৯৫০৮